**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Vikshit Tripura CM :**

বিকশিত ত্রিপুরা ২০৪৭ লক্ষ্যকে সামনে রেখে গতকাল সচিবালয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি জানান, সম্মিলিত প্রচেষ্টা ও দৃঢ় সংকল্পের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ ও আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলার রোডম্যাপ তৈরি হচ্ছে। উন্নত ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

*****************************

**PM, Croatia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেনকোভিচ গতকাল ক্রোয়েশিয়ার রাজধানী জাগড়েবে প্রতিনিধি পর্যায়ে আলোচনায় অংশ নেন। দু'দেশের মধ্যে গভীর দ্বিপাক্ষিক সহযোগিতার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী মোদী সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের গুরুত্বের উপর জোর দিয়ে বলেন, "ইউরোপ বা এশিয়া যাই হোক না কেন, যুদ্ধক্ষেত্রে সমাধান খুঁজে পাওয়া যায় না। সংলাপ ও কূটনীতিই এগিয়ে যাওয়ার একমাত্র কার্যকর পথ। তিনি সমস্ত জাতির সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতাকে সম্মান করার গুরুত্বের ওপর জোর দেন। প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসবাদ মানবতার শত্রু এবং বিশ্বব্যাপী গণতান্ত্রিক দেশগুলির জন্য হুমকি। তিনি ক্রোয়েশিয়ায় যোগের ব্যাপক জনপ্রিয়তার কথা উল্লেখ করে বলেন প্রতি বছরের মতো ক্রোয়েশিয়ার জনগণ এই অনুষ্ঠান অত্যন্ত উৎসাহের সঙ্গে উদযাপন করবে।

********************************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন বিদ্যুৎ দপ্তরের আধিকারিকদের সবসময় ধৈর্য সহকারে বিদ্যুৎ ভোক্তাদের অভাব অভিযোগ শুনে সময়মতো সমাধান করতে হবে। গতকাল অমরপুরের থাকছড়া পঞ্চায়েতে গতকাল ১৩২ কেভি ক্ষমতাসম্পন্ন একটি আধুনিক বিদ্যুৎ সাবস্টেশনের উদ্বোধন করে একথা বলেন তিনি। ৫৯ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এই বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণের ফলে অমরপুর ডালাক, চেলাগাঙ, রাঙ্গামাটি, মালবাসা, থালছড়া, দেববতী, খামারিয়াবাড়ি সহ বিস্তীর্ণ এলাকার মানুষ উপকৃত হবেন।

*************************

**Waves-2025 :**

চলচ্চিত্র নির্মাতা সুরেশ ইরিয়তের এনিমেশন ছবি “দেশী ওন” ফ্রান্সের এনেসি ইন্টারন্যাশনাল এনিমেশন ফেস্টিভেল ২০২৫-এ সেরা কমিশনড ফিল্মের জন্য জুরি পুরস্কার জিতে ভারতীয় এনিমেশনকে আন্তর্জাতিক খ্যাতি এনে দিয়েছে। উল্লেখ্য, সম্প্রতি মুম্বাইতে অনুষ্ঠিত ওয়ার্ল্ড অডিও, ভিডিও এন্ড এন্টারটেইনমেন্ট সামিট-ওয়েভস ২০২৫-এ ছবিটি সেরা চলচিত্রের খেতাব অর্জন করেছে।

****************************

**Dharti Ava Janbhagidari Abhiyan :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে খুমুলুঙে বিভিন্ন সরকারি ও বেসরকারি পরিচালিত হোস্টেল সুপারদের সঙ্গে মত বিনিময় করেন। মন্ত্রী বলেন, এই উদ্যোগের ফলে আদিবাসী জনগোষ্ঠীকে আরও ঐক্যবদ্ধ, সচেতন ও সক্ষম করে তুলবে।

*************************

**DAJBA-Shantirbazar :**

ধরতি আবা জন ভাগিদারী অভিযানের অঙ্গ হিসেবে আগামী ২১ জুন শান্তিরবাজার মহকুমার বকাফা বাজারে এক প্রশাসনিক ও জনসচেতনতা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে জনজাতি অংশের জনগণের মধ্যে বিভিন্ন শংসাপত্রের জন্য আবেদনপত্র জমা

নেওয়া হবে। তাছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ও ওষুধ প্রদান করা হবে।

**************************

**Yoga Day-Mohanpur :**

আগামী ২১ জুন মোহনপুর বালিকা দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে মহকুমা ভিত্তিক যোগা দিবস উদযাপন করা হবে। এই দিনটি সফলভাবে উদযাপন করার লক্ষ্যে গতকাল মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

**************************

**Yoga Day- Jampuijala :**

জম্পুইজলা মহকুমার নবসর্দারস্থিত ডনবস্কো দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগা দিবস পালন করা হবে। অনুষ্ঠানকে সর্বাত্মক সফল করার লক্ষ্যে সম্প্রতি জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন উপস্থিত ছিলেন।

*****************************

**NCC Cadet Yoga :**

রাজধানীর বিভিন্ন ঐতিহাসিক স্থানে গতকাল এনসিসি ক্যাডেটরা যোগব্যায়াম প্রদর্শন করে। উজ্জয়ন্ত প্রাসাদ, অ্যালবার্ট এক্কা পার্ক, হেরিটেজ পার্ক এবং অক্সিজেন পার্কে অনুষ্ঠিত এই কর্মসূচিতে বিবিএমসি, এমবিবিসি, ইকফাই, ইউকে একাডেমি এবং এসকেএম কলেজের ক্যাডেটরা অংশগ্রহণ করে। তাঁরা বিভিন্ন আসন প্রদর্শন করে এবং সুস্থ জীবনযাপনের গুরুত্ব সম্পর্কে সচেতনতা কর্মসূচিতে অংশ নেয়।

*******************************

**Second Division :**

টি এফ এ পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় বীরেন্দ্র ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ১-০ গোলে মৌচাক ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************